# বাংলাদেশ গ্রন্থাগার সমিতি (ল্যাব) নির্বাচন-২০২৩ (২০২৪-২০২৭ কার্যকাল) উপলক্ষে প্রণীত নির্বাচনী আচরণ বিধি ও নিয়মাবলী

১. ল্যাব নির্বাচন-২০২৩ গঠনতন্ত্রের ২১ ও ২১.১ ধারা এবং বিভাগ/জেলা/উপজেলা সমিতি পরিচালনা উপবিধি/নীতিমালা'র ৯ ধারা অনুযায়ী সাংগঠনিক জেলা ও ভোট কেন্দ্রে একই দিনে ল্যাব কাউন্সিল এবং কার্যনির্বাহী পরিষদ (বিভাগ, জেলা, উপজেলা) নির্বাচন প্রধান নির্বাচন কমিশনার-এর অধীনে অনুষ্ঠিত হবে।

২. ল্যাব নির্বাচন-২০২৩ এর বিভিন্ন পদের মনোনয়নপত্রের মূল্য নিম্নরূপ:

**ল্যাব কাউন্সিল**
**ল্যাব গঠনতন্ত্র অনুযায়ী**

| ধারা/ উপধারা | পদের নাম | মনোনয়ন পত্রের মূল্য |
|---|---|---|
| ১৬.১ | সভাপতি | ৮,০০০/- |
| ১৬.২ | সহ-সভাপতি | ৬,০০০/- |
| ১৬.৩ | মহাসচিব | ৬,০০০/- |
| ১৬.৪ | কোষাধ্যক্ষ | ৬,০০০/- |
| ১৬.৫ | যুগ্ম-মহাসচিব | ৫,০০০/- |
| ১৬.৬ | সাংগঠনিক সম্পাদক | ৫,০০০/- |
| ১৬.৭ | আইসিটি, গবেষণা ও প্রকাশনা সম্পাদক | ৫,০০০/- |
| ১৬.৮ | সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক | ৫,০০০/- |
| ১৬.৯ | মহিলা বিষয়ক সম্পাদক | ৫,০০০/- |
| ১৬.১০ | কাউন্সিলর (কেন্দ্রীয়) | ৫,০০০/- |
| ১৬.১১ | কাউন্সিলর (বিভাগীয়) | ৪,০০০/- |

**বিভাগীয় কার্যনির্বাহী পরিষদ**
**(বিভাগ/জেলা/উপজেলা সমিতির পরিচালনা উপবিধি/নীতিমালা অনুযায়ী)**

| ধারা/ উপধারা | পদের নাম | মনোনয়ন পত্রের মূল্য |
|---|---|---|
| ৯.১(ক) | সভাপতি (পদাধিকারবলে) বিভাগীয় কাউন্সিলর | - |
| ৯.১(খ) | সহ-সভাপতি | ৩,০০০/- |
| ৯.১(গ) | সাধারণ সম্পাদক | ৩,০০০/- |
| ৯.১(ঘ) | কোষাধ্যক্ষ | ৩,০০০/- |
| ৯.১(ঙ) | যুগ্ম-সাধারণ সম্পাদক | ১,০০০/- |
| ৯.১(চ) | সাংগঠনিক সম্পাদক | ১,০০০/- |
| ৯.১(ছ) | প্রচার, প্রকাশনা ও সাংস্কৃতিক সম্পাদক | ১,০০০/- |
| ৯.১(জ) | মহিলা বিষয়ক সম্পাদক | ১,০০০/- |
| ৯.১(ঝ) | বিভাগীয় সমিতির ক্ষেত্রে অধিভুক্ত জেলা সমিতির সভাপতি (পদাধিকারবলে) সদস্য হবেন। | |

**জেলা কার্যনির্বাহী পরিষদ**
**(বিভাগ/জেলা/উপজেলা সমিতির পরিচালনা উপবিধি/নীতিমালা অনুযায়ী)**

| ধারা/ উপধারা | পদের নাম | মনোনয়ন পত্রের মূল্য |
|---|---|---|
| ৯.২(ক) | সভাপতি | ১,০০০/- |
| ৯.২(খ) | সহ-সভাপতি | ১,০০০/- |
| ৯.২(গ) | সাধারণ সম্পাদক | ১,০০০/- |
| ৯.২(ঘ) | কোষাধ্যক্ষ | ১,০০০/- |
| ৯.২(ঙ) | যুগ্ম- সাধারণ সম্পাদক | ৫০০/- |
| ৯.২(চ) | সাংগঠনিক সম্পাদক | ৫০০/- |
| ৯.২(ছ) | প্রচার, প্রকাশনা ও সাংস্কৃতিক সম্পাদক | ৫০০/- |
| ৯.২(জ) | মহিলা বিষয়ক সম্পাদক | ৫০০/- |
| ৯.২(ঝ) | কার্যনির্বাহী সদস্য | ৫০০/- |
| ৯.২(ঞ) | জেলা সমিতির ক্ষেত্রে অধিভুক্ত উপজেলা সমিতির সভাপতি (পদাধিকারবলে) সদস্য হবেন। | |

**উপজেলা কার্যনির্বাহী পরিষদ**
**(বিভাগ/জেলা/উপজেলা সমিতির পরিচালনা উপবিধি/নীতিমালা অনুযায়ী)**

| ধারা/ উপধারা | পদের নাম | মনোনয়ন পত্রের মূল |
|---|---|---|
| ৯.৩(ক) | সভাপতি | ৫০০/- |
| ৯.৩(খ) | সহ-সভাপতি | ৫০০/- |
| ৯.৩(গ) | সাধারণ সম্পাদক | ৫০০/- |
| ৯.৩(ঘ) | কোষাধ্যক্ষ | ৫০০/- |
| ৯.৩(ঙ) | সাংগঠনিক সম্পাদক | ৩০০/- |
| ৯.৩(চ) | কার্যনির্বাহী সদস্য (১ জন মহিলা) | ৩০০/- |

৩. ছবিযুক্ত ভোটার তালিকায় ছবি ও মোবাইল নম্বর অথবা বাংলাদেশ গ্রন্থাগার সমিতি কর্তৃক প্রদত্ত সদস্য পরিচয়পত্র দিয়ে ভোটার সনাক্তকরণ করা হবে। যদি কোনো ভোটারের ছবি, মোবাইল নম্বর বা সদস্য পরিচয়পত্র না থাকে সেক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র প্রদর্শন করে ভোট দেয়া যাবে।

৪. ভোটার তালিকায় ভোটারের ঠিকানা যে বিভাগের তালিকায় দেয়া আছে তিনি শুধুমাত্র ঐ বিভাগেই (বিভাগ, জেলা ও উপজেলায়) ভোটারাধিকার প্রয়োগ করতে পারবেন। এক বিভাগের সদস্য অন্য বিভাগের কাউন্সিলরদের ভোট প্রদান করতে পারবেন না।

৫. ল্যাব নির্বাচন-২০২৩ প্যানেলভুক্তভাবে বা স্বতন্ত্রভাবে করা যাবে। বিভাগীয় কার্যনির্বাহী পরিষদ (সকল বিভাগ, জেলা ও উপজেলা) পদে কেন্দ্রীয় প্যানেলভুক্ত থাকলে তিনি বিভাগের অন্যান্য পদের নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন না।

৬. নির্বাচনে কোনো প্রার্থী বা প্যানেলের বিরুদ্ধে গঠনতন্ত্রের ২৫ ধারা অনুযায়ী সমিতি ও সদস্যদের ব্যক্তিত্ব/চরিত্র ও সম্মান ক্ষুন্ন হয় এমন কোনো মাধ্যমে কোনো প্রকার কুৎসা রটানো বা অপবাদ প্রচার করা যাবে না।

৭. ল্যাব নির্বাচনে কোনো স্বতন্ত্র বা প্যানেলভুক্ত প্রার্থী তার নির্বাচনী প্রচারণায় কোনো রাজনৈতিক দলের পরিচয়, ব্যক্তির/ রাজনৈতিক ব্যক্তিত্বের ছবি, দলীয় স্লোগান এবং কোনো ধর্মীয় বিষয় অন্তর্ভুক্ত করতে পারবেন না।

৮. ভোট কেন্দ্রের ৫০ গজের মধ্যে কোনো প্যানেল বা প্রার্থী কোনো নির্বাচনী ক্যাম্প/অফিস/প্যান্ডেল স্থাপন করতে পারবেন না।

৯. প্রধান নির্বাচন কমিশনার প্রয়োজনে সকল সাংগঠনিক জেলা ও ভোট কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও সদস্যদের সাথে নির্বাচন বিষয়ে মতবিনিময় করবেন। মতবিনিময়ে গঠনতন্ত্রের সাথে সাংঘর্ষিক নয় এমন কোনো উত্তম মতামত/প্রস্তাব পাওয়া গেলে তা নির্বাচনী আচরণবিধি ও নিয়মাবলীতে সন্নিবেশিত করতে পারবেন।

১০. নির্বাচনে অংশগ্রহণ বা প্রতিদ্বন্দ্বিতার ক্ষেত্রে সমিতির গঠনতন্ত্রের/উপবিধি ও অন্যান্য বিধানাবলী মেনে চলতে হবে।

১১. ভোট কেন্দ্রে কোনো প্রার্থীর পক্ষে কোনো পোষাক বা টুপি ব্যবহার করে শোডাউন করা যাবে না।

১২. রঙ্গিন প্রচারপত্র (লিফলেট বা পোষ্টার) ব্যবহার করা যাবে না।

১৩. নির্বাচনের দিন প্রার্থীর প্যান্ডেলের বাইরে কোনো প্রকার ব্যানার/পোষ্টার/ফেস্টুন টানানো বা ঝুলানো বা প্রদর্শন করা যাবে না। সকল প্রচার প্রচারণা প্যান্ডেলের মধ্যে থেকেই করতে হবে।

১৪. প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোনো প্রার্থী বা তার পক্ষের কেউ ভোটার আনয়নের জন্য কোনো প্রকার গাড়ী (বাস, মাইক্রোবাস, কার) প্রদান বা যাতায়াত বাবদ কোনো প্রকার ভাড়া বা পথ খরচ বহন করতে পারবেন না।

১৫. নির্বাচনে কোনো প্রার্থী উপরে বর্ণিত আচরণবিধির যে কোনো বিধি লংঘন করলে প্রধান নির্বাচন কমিশনার অথবা সংশ্লিষ্ট বিভাগীয় নির্বাচন কর্মকর্তা প্রধান নির্বাচন কমিশনারের সঙ্গে পরামর্শক্রমে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করতে পারবেন।

০৪/০৫/২৩

**(প্রফেসর ড. মোঃ সাইফুল ইসলাম)**
প্রধান নির্বাচন কমিশনার
বাংলাদেশ গ্রন্থাগার সমিতি নির্বাচন-২০২৩
ও
চেয়ারম্যান
তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ,
ঢাকা বিশ্ববিদ্যালয়
এবং
উপদেষ্টা পরিষদের সদস্য
বাংলাদেশ গ্রন্থাগার সমিতি (ল্যাব)